ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৪৬০

কুমারঘাট, ২৯ অক্টোবর, ২০২৫

**সবাইকে কাঁধে কাঁধ মিলিয়ে আগামীদিনে ত্রিপুরাকে আরও বহুদূর এগিয়ে নিয়ে যেতে হবে ঃ জনজাতি কল্যাণ মন্ত্রী**

ত্রিপুরা ছোট রাজ্য হলেও জনকল্যাণে সরকারের বিভিন্ন প্রকল্প রূপায়ণে দেশের মধ্যে বর্তমানে বিশেষ স্থান দখল করেছে। ধরতি আবা জনভাগিদারি অভিযানে ত্রিপুরা দেশের মধ্যে প্রথম হয়েছে। সরকারের যেকোন প্রকল্প রূপায়ণে এখানকার আধিকারিকগণ নীচু স্তরে গিয়ে কাজ করেন। আধিকারিক, জনপ্রতিনিধি সবাইকে কাঁধে কাঁধ মিলিয়ে আগামীদিনে ত্রিপুরাকে আরও বহুদূর এগিয়ে নিয়ে যেতে হবে। কুমারঘাটের পঞ্চায়েত সমিতির হলে আজ বিভিন্ন দপ্তরের উন্নয়ন কাজকর্মের এক পর্যালোচনা সভায় বক্তব্য রাখতে গিয়ে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা একথা বলেন।

পর্যালোচনা সভায় বক্তব্য রাখতে গিয়ে তিনি আরও বলেন, আমাদের মনে রাখতে হবে জাতি-জনজাতি অধ্যুষিত এলাকার উন্নয়নের মধ্যেই ত্রিপুরার সামগ্রিক উন্নয়ন নিহিত রয়েছে। তিনি আলোচনা করতে গিয়ে বলেন, সামনেই শুখা মরশুম আসছে। এই সময়ে যেসব উচু এলাকা রয়েছে যেখানে এই সময়ে পানীয়জলের সমস্যা হয়, সেখানে পানীয়জল পৌঁছে দিতে পানীয়জল ও স্বাস্থ্য বিধি দপ্তরকে এখন থেকেই পরিকল্পনা নিতে হবে। পাশাপাশি এই সময়ে চাষাবাদের যাতে কোন সমস্যা না হয় জল সম্পদ দপ্তরকে তাদের সেচ প্রকল্পগুলো যাতে চালু থাকে তার জন্য বিশেষ উদ্যোগ নিতে হবে। তবেই কৃষকরা শীতকালীন সব্জি চাষ ভালোভাবে করতে পারবেন। শিক্ষা ব্যবস্থার উন্নয়ন নিয়ে আলোচনা করতে গিয়ে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, শিক্ষার উন্নয়নের জন্য টাকার কোন অভাব হবেনা।

পর্যালোচনা সভায় পানীয়জল ও স্বাস্থ্যবিধি, স্বাস্থ্য, গ্রামোন্নয়ন, বন, জনজাতি কল্যাণ, জলসম্পদ, প্রধানমন্ত্রী গ্রাম সড়ক, বিদ্যুৎ, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ, টিআরপি এন্ড পিটিজি, যুব বিষয়ক ও ক্রীড়া, ট্রেডা, বিদ্যালয় শিক্ষা ও এডিসি প্রশাসনের আধিকারিকগণ মহকুমার স্ব স্ব দপ্তরের উন্নয়নমূলক কাজকর্মের খতিয়ান তুলে ধরেন। জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মার সভাপতিত্বে পর্যালোচনা সভায় উপস্থিত ছিলেন কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুমতি দাস, কুমারঘাট বিএসি'র চেয়ারম্যান তপনজয় রিয়াং, পেঁচারথলের বিডিও ওমকার দেব, কুমারঘাট বোর্ডিং হাউজ কমিটির চেয়ারম্যান রাধামালা দেববর্মা, ঊনকোটি জেলা কল্যাণ আধিকারিক দীপঙ্কর সাহা, কুমারঘাট মহকুমা কল্যাণ আধিকারিক বিধান দেবনাথ, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার প্রমুখ।

*******